17 JAN 2017
পৃষ্ঠা 2 ... 2

সমকাল

জাতীয় বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন আজ

# ২৫ বছরের অপেক্ষার অবসান স্নাতকদের

■ সমকাল প্রতিবেদক

জাতীয় বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু হয়েছিল ১৯৯২ সালে। কিন্তু গত ২৫ বছরে এ বিশ্ববিদ্যালয়ের কোনো সমাবর্তন হয়নি। প্রায় আড়াই দশক পর এ বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন আজ ১৭ জানুয়ারি অনুষ্ঠিত হতে যাচ্ছে রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে। সমাবর্তনে সভাপতি হিসেবে উপস্থিত থাকবেন বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ও রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।



উপাচার্য হারুন-অর-রশিদ

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হারুন-অর-রশিদ জানান, সমাবর্তনে ১৯৯৮ থেকে ২০১২ সাল পর্যন্ত উত্তীর্ণ বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রিধারীরা অংশ নেবেন। এতে সভাপতি হিসেবে উপস্থিত থেকে গ্র্যাজুয়েটদের ডিগ্রি প্রদান করবেন রাষ্ট্রপতি ও চ্যান্সেলর মো. আবদুল হামিদ। এ ছাড়াও অতিথি হিসেবে উপস্থিত থাকবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। সমাবর্তন বক্তা হিসেবে থাকছেন ইউজিসি চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান। সমাবর্তনে মোট ৪৯৩৪ জন গ্র্যাজুয়েট নিবন্ধন করেছেন। যাদের মধ্যে মেয়ে ৩১৩৭ জন এবং ছেলে ১৭৯৫ জন। সমাবর্তন উপলক্ষে দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ, ডকুমেন্টারি তৈরি, বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাস ও ছয়টি বিভাগীয় শহরের ছয়টি আঞ্চলিক অফিসে ■ পৃষ্ঠা ৪ : কলাম ২

## ২৫ বছরের

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

আলোকসজ্জা করা হয়েছে। এ ছাড়া প্রথম সমাবর্তন উপলক্ষে গত ১২ জানুয়ারি আনন্দ শোভাযাত্রাও অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য আরও জানান, আজকের সমাবর্তনে স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফলের জন্য ৮ জন শিক্ষার্থীকে স্বর্ণপদক প্রদান করা হবে।

প্রসঙ্গত, কর্মপরিসর ও শিক্ষার্থীর সংখ্যার দিক থেকে জাতীয় বিশ্ববিদ্যালয় দেশের সর্ববৃহৎ এবং বিশ্বের অন্যতম বড় শিক্ষা প্রতিষ্ঠান। সরকারি-বেসরকারি প্রায় দুই হাজার ৩০০ কলেজের পাঠদান প্রক্রিয়া ও পরীক্ষা নিয়ন্ত্রণ করছে এ বিশ্ববিদ্যালয়। এর শিক্ষার্থীর সংখ্যা প্রায় ১৫ লাখ।